

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ ইসমার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৮.০৮৮.১৯-৩১৫

তারিখঃ ০৫ আষাঢ় ১৪২৬  
১৯ জুন ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৫০০/২০১৯ মামলায় ২০.০৫.২০১৯ খ্রি, তারিখের রায়/আদেশের প্রেক্ষিতে রংপুর জেলার মিঠাপুরুর উপজেলাধীন ভাংনী আহমদিয়া ফায়িল (ডিগ্রী) মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের সরকারী বেতন ভাতার (এমপিও) বিলে স্বাক্ষর প্রদান।

সূত্রঃ ভাংনী আহমদিয়া ফায়িল (ডিগ্রী) মাদ্রাসা, মিঠাপুরুর, রংপুর এর স্মারক নং- অধ্যক্ষ/ভাং/৭০/২০১০/৩২ তারিখ: ২০.০৫.১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে জামানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুরুর উপজেলাধীন ভাংনী আহমদিয়া ফায়িল (ডিগ্রী) মাদ্রাসার গভর্নিং বডি না থাকায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (TMED) কর্তৃক গত ১৯.০৭.১৮ খ্রি, তারিখে প্রকাশিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর অনুচ্ছেদ ১৭.৪ মতে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মচারীদের জানুয়ারি/১৯ হতে এপ্রিল/১৯ মাস পর্যন্ত ও বৈশাখী ভাতা বেতন বিলে প্রতিস্থানকরের জন্য বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক গত ০২.০৫.১৯ খ্রি, তারিখে উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুরুর, রংপুর বরাবর আবেদন দাখিল করা হয়।

০২। উক্ত আবেদনের বিষয়ে প্রতিকার না পাওয়ায় বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৫০০/১৯ দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় গত ২০.০৫.১৯ খ্রি, তারিখে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়:

Accordingly, we direct the respondent no. 7 to dispose of the representation of the petitioner dated 02.05.19 within 7 (seven) days from the date of receipt of a copy of this order. With this direction the petition is summarily disposed of without any order as to costs. Let a copy of this order be immediately transmitted to this respondent no. 7 for information and necessary action.

০৩। যেহেতু রিট মামলার রায়/আদেশে পিটিশনারে ০২.০৫.১৯ খ্রি, তারিখের আবেদনটি নিষ্পত্তি করার জন্য রেসপন্ডেন্ট নং-৭ (উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুরুর, রংপুর) কে নির্দেশনা দেয়া হয়েছে এবং যেহেতু TMED কর্তৃক গত ১৯.০৭.১৮ খ্রি, তারিখে প্রকাশিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১৭.৪ অনুচ্ছেদে নিয়মিত কমিটি/এডহক কমিটির অবর্তমানে জেলা সদরের বাইরের মদ্রাসার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুরুর, রংপুরকে বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) প্রতিস্থানকর করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৫৫০০/২০১৯ এর আদেশ এবং TMED কর্তৃক গত ১৯.০৭.১৮ খ্রি, তারিখে প্রকাশিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১৭.৪ অনুচ্ছেদের নির্দেশনা মতে রংপুর জেলার মিঠাপুরুর উপজেলাধীন ভাংনী আহমদিয়া ফায়িল (ডিগ্রী) মাদ্রাসার শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) এর বিলে প্রতিস্থানকরের জন্য নির্দেশকৰ্ত্তব্যে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, পূর্ণসংখ্যক কমিটি গঠিত হয়ে যাওয়ার সাথে সাথে এ আদেশের কার্যকারিতা থাকবে না হর্তে নির্দেশকৰ্ত্তব্যে অবহিত করা হলো।

(নো: আ: খালেক মির্জা) ১৯৫৮  
সিনিয়র সহকারী সচিব (আইন)

উপজেলা নির্বাহী কর্মকর্তা  
মিঠাপুরুর, রংপুর।

অনুলিপি সদয় জাতার্থেঃ

- ১। মহাপ্রিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, মেডেল-৩, ৩৭/৩/এ, ইক্সট্রান গার্ডেন রোড, রমনা, ঢাকা।  
২। জেলা প্রশাসক, রংপুর।  
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);  
৪। সিলেক্ট এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)  
৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
৬। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
৭। জনব মো: মাকছদুর রহমান জামেলী, অধ্যক্ষ, ভাংনী আহমদিয়া ফায়িল (ডিগ্রী) মাদ্রাসা, মিঠাপুরুর, রংপুর।  
৮। মাস্টার কপি/অফিস কপি।